কানাইঘাটের রাজাগঞ্জে ইউপি সদস্য কর্তৃক সরকারি কালর্ভাট ভেঙে পানি নিষ্কাসন বন্ধের অভিযোগ

কানাইঘাট প্রতিনিধিঃ কানাইঘাট রাজাগঞ্জ ইউপির মইনার পাহাড় গ্রামের পানি নিষ্কাসনের সরকারি কালভার্ট স্থানীয় ইউপি সদস্য হেলাল আহমদ কর্তৃক ভেঙে ফেলে সেখানে মাটি বাঁধ দেয়ার ঘটনায় স্থানীয় এলাকাবাসীর পক্ষ থেকে উপজেলা নির্বাহী কর্মকর্তার বরাবরে গণস্বাক্ষর সম্বলিত অভিযোগ দেয়া হয়েছে।

গত ১৬ মার্চ নির্বাহী কর্মকর্তা তানিয়া আক্তারের বরাবরে লিখিত অভিযোগে উল্লেখ করা হয়েছে মইনার পাহাড় গ্রাম সহ আরো আশপাশের কয়েকটি গ্রামের রাজারবাড়ি মধ্যখানে অবস্থানে ফসলি জমি ও মানুষের নৌকা নিয়ে যাতায়াতের পানি নিষ্কাসনে সরকারি কালভার্ট ইউপি সদস্য কর্তৃক ভেঙে ফেলে সেখানে মাটি বাঁধ দেয়ায় বর্তমানে বড় ধনের জলাবদ্ধতা দেখা দিয়ে বুরো ফসলের ব্যাপক ক্ষতিসাধিত হচ্ছে। কালভার্ট ভেঙে ফেলার কারনে জানতে চাইলে রাজাগঞ্জ ইউনিয়ন পরিষদের ৩নং ওয়ার্ডের ইউপি সদস্য হেলাল আহমদ বলেন, সেখানে নতুন করে কালভার্ট নির্মাণ করা হবে বলে জানান। কিন্তু কালভার্ট ভেঙে ফেলে ব্যক্তিস্বার্থ হাসিল করার জন্য ইউপি সদস্য কালভার্টের স্থলে মাটি ভরাট করে বাঁধ দেয়ার কারনে পানি নিষ্কাসন বন্ধ হয়ে যাওয়ায় বর্তমানে মইনার পাহাড় সহ আশপাশ গ্রামের অনেক ফসলি জমির কৃষকরা বড় ধরনের ক্ষতির সম্মুখীন হচ্ছেন।
অভিযোগে উল্লেখ করা হয়, সরকারি কালভার্টের পানি নিষ্কাসনের কারনে এলাকার কৃষক ও জেলে সম্প্রদায়ের নৌকা নিয়ে তাদের দৈনন্দিন কাজকর্ম করতে পারতেন, কিন্তু কালভার্ট ভেঙে সেখানে মাটি ভরাট করার কারনে এলাকার শত শত ফসলি জমি ক্ষতিগ্রস্ত হওয়ার পাশাপাশি কৃষকরা বড় ধরনের ক্ষতির স্বীকার হবেন। বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনা করে সরকারি কালর্ভাট ভেঙে পানি নিষ্কাসনের পথ বন্ধ করে দেয়ায় সরেজমিন তদন্ত পূর্বক ইউপি সদস্যের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ এবং নতুন করে কালভার্ট নির্মাণ করার জন্য নির্বাহী কর্মকর্তার হস্তক্ষেপ কামনা করেন দরখাস্তের গণসাক্ষরকারীরা। সরকারি কালভার্ট ভেঙে ফেলার বিষয়ে ইউপি সদস্য হেলাল আহমদের সাথে

বার বার যোগাযোগ করা হলে তিনি ফোন রিসিভ করেননি।